

সমর্থন করো? যুক্তিসহ লেখো।

৫. “আমি অনাবশ্যককে ভালোবাসি, অতএব অনাবশ্যক ও আবশ্যক।” কে একথা বলেছিল? এই বক্তব্যের কারণ কী, ব্যাখ্যা করো।

অথবা

৬. “আমোদ এবং কৌতুক ঠিক সুখ নহে বরঞ্চ তাহা নিম্নমাত্রার দুঃখ।” পাঠ্য প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি বিচার করো।

৭. স্মৃতি কীভাবে মৃত্যুশোককে ধারণ করে থাকে, ‘লিপিকা’র কোনো কোনো লেখায় তার পরিচয় পাওয়া যায়। প্রাসঙ্গিক রচনা অবলম্বনে বিষয়টি বুঝিয়ে লেখো।

অথবা

৮. ‘ভুল স্বর্গ’ কথিকার নামটি কী অর্থে তাৎপর্যময়, বুঝিয়ে বলো।

কলাস্নাতক অন্ত্য-সেমিস্টার, ২০২৩

(তৃতীয় বর্ষ, পঞ্চম সেমিস্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ.জি. ৫.৩২ (ঐচ্ছিক)

(রবীন্দ্রসাহিত্য পর্ব - ২)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লেখো। প্রশ্নগুলি সমমানের।

১. সবুজ পত্রপত্রিকায় প্রকাশিত ‘তাজমহল’ কবিতাটি বলাকা কাব্যগ্রন্থের মধ্যে ‘৭’ সংখ্যক কবিতায় চিহ্নিত হলেও সঞ্চয়িতা গ্রন্থে ‘শা-জাহান’ নামে কেন পরিচিত হয়েছে? কবিতার এই নাম-রূপান্তরের ক্ষেত্রে কি কবির কোন অভিপ্রায় রয়েছে? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।

অথবা

২. বলাকা কাব্যগ্রন্থে ‘৭’ ও ‘৯’ সংখ্যক কবিতাগুলিতে রবীন্দ্রভাবনা কি পরস্পরবিরোধী বলে মনে হয়? এই সম্পর্কে তোমার মতামত যুক্তিসহ আলোচনা করো।

৩. ‘গীতিকাব্যিক মনোবৃত্তির ফাঁকের মধ্যে মধ্যে নাট্যের উঁকিঝুঁকি’ বাস্মীকি-প্রতিভা সৃষ্টির পিছনে কার্যকর হয়েছিল। রবীন্দ্রনাথকৃত এই বক্তব্যটি পাঠ্য অবলম্বনে আলোচনা করো।

অথবা

৪. “বাস্মীকিপ্রতিভাতে দস্যুর নির্মমতাকে ভেদ করে উচ্ছ্বসিত হল তার অন্তর্গূঢ় করুণা।” বাস্মীকি-প্রতিভা-র সূচনায় রবীন্দ্রনাথের এই মন্তব্যকে কি তুমি